দৈনিক ইত্তেফাক

তারিখ 0 9 DEC 1992
পৃষ্ঠা ৭২ কলাম ২

40

## গণতান্ত্রিক ছাত্রঐক্যের সমাবেশ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (মঙ্গলবার) হরতাল চলাকালে কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্র ঐক্য সচিবালয়ের সম্মুখে ছাত্র সমাবেশের আয়োজন করে। সমাবেশে বলা হয়, অযোধ্যার বাবরী মসজিদে ভারতের উগ্র হিন্দু মৌল-

(১০ম পৃ: ৫-এর কঃ দ্রঃ)

## গণতান্ত্রিক ছাত্রঐক্য

(শেষ পৃঃ পর)

বাদীদের ন্যাক্কারজনক হামলা মানিয়া নেওয়া যায় না। তবে এই দুঃখজনক ঘটনাকে কেন্দ্র করিয়া দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার জন্য জামায়াত-শিবির যে চক্রান্ত শুরু করিয়াছে, তাহা প্রতিহত করিতে হইবে। সমাবেশে গোলাম আজমের বিচারের দাবীতে আন্দোলন গড়িয়া তোলার আহ্বান জানান হয়। বেলাল চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে রুহুল কুদ্দুস বাবু, নাসির-উদ-দুজা, আহাদ আহমেদ, আবুল কালাম আজাদ, মিজানুর রহমান চন্দন এবং আবু আসলাম মিন্টু বক্তৃতা করেন।

ছাত্রলীগ (ম-ই) জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে এক ছাত্র সমাবেশের আয়োজন করে। মইনুদ্দীন হাসান চৌধুরী, নির্মল গুহ, ইসহাক আলী খান পান্না, আফজালুর রহমান বাবু, শফিকুল আলম শফিক এবং আক্তার হোসেন সমাবেশে বক্তৃতা করেন। সমাবেশে বলা হয়, ৪শত বছরের পুরাতন বাবরী মসজিদে ভারতের উগ্র সাম্প্রদায়িক শক্তির হামলা ভারতের ধর্মনিরপেক্ষ নীতিকে পদদলিত করিয়াছে।

SHEET — OF — SHEETS